# ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং (আইআরটি)
## হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
### দিনাজপুর-৫২০০

স্মারক নং- হাবিপ্রবি/আইআরটি/৪৮৫৭(১)

তারিখঃ ২৫.০৬.২০২৫

**গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহবান**

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইআরটির তত্ত্বাবধানে গবেষণার জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে গবেষণা অর্থ বরাদ্দের নিমিত্তে সকল অনুষদের শিক্ষকবৃন্দের নিকট থেকে Independent (১ বছর মেয়াদী) গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। তবে চলমান Collaborative প্রকল্পসমূহ বার্ষিক মূল্যায়নের ভিত্তিতে পরবর্তী অর্থ বছরে চলমান থাকতে পারে। আগ্রহী শিক্ষকবৃন্দকে নীতিমালা অনুযায়ী আইআরটি'র নির্ধারিত ফরমেটে (http://irt.hstu.ac.bd/home/download) ০৩ (তিন) কপি গবেষণা প্রকল্পের প্রস্তাবনার হার্ডকপি আগামী ২৩/০৭/২০২৫ ইং তারিখের মধ্যে পরিচালক আইআরটি কার্যালয়ে এবং সফটকপি আইআরটি ইমেইলে (directorirt@gmail.com) জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

**গবেষণা প্রকল্প অনুদানের শর্তাবলীঃ**

১. গবেষণা প্রকল্প আইআরটির নির্ধারিত Research Proposal Format অনুসরণপূর্বক গবেষণা প্রকল্প প্রস্তাবনার হার্ডকপি (One Side Print) স্পাইরাল/ সফট বাইন্ডিং এবং সফটকপি আইআরটি ইমেইলে (directorirt@gmail.com) প্রেরণ করতে হবে। গবেষণা প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক বা তদুর্ধ্ব শিক্ষকগণ আবেদন করতে পারবেন।

২. Research Proposal Format অনুসরণ পূর্বক গবেষণা প্রকল্পের সফটকপি ইমেইলে Microsoft Word File হিসেবে প্রেরণের ক্ষেত্রে উক্ত ফরমেটের Part-I, Part-VI, Part-VII ও Part-VIII এর জন্য (PI ও Co-PI এর তথ্য থাকবে) একটি ফাইল এবং Part-II থেকে Part-V এর জন্য (শুধুমাত্র গবেষণা প্রকল্পের তথ্য থাকবে, এই অংশে PI, Co-PI বা বিভাগের পরিচিতি প্রকাশ পায় এমন কোন তথ্য থাকলে প্রকল্পটি অযোগ্য বলে গণ্য হবে) আরেকটি ফাইলে মোট ০২ (দুইটি) ফাইলে (Microsoft Word File) প্রেরণ করতে হবে।

৩. ২০২৫-২০২৬ অর্থ বছরের গবেষণা প্রকল্প মূল্যায়নের জন্য ০২ (দুই) জন রিভিউয়ার এর নিকট প্রেরণ করা হবে এবং রিভিউয়ার কর্তৃক প্রকল্পসমূহ নির্বাচন করা হবে।

৪. গবেষণা প্রকল্প পাওয়ার ০৩ (তিন) মাসের মধ্যে কোন প্রকল্প পরিচালক বিদেশে গমন/শিক্ষা ছুটিতে গেলে গমনের পূর্বে প্রকল্পের যে পরিমান অর্থ খরচ করবেন তার Progress report সহ সমন্বয় করে অব্যবহৃত অর্থ ফেরত দিবেন।

৫. বরাদ্দকৃত প্রকল্পসমূহ অনুষদীয় টেকনিক্যাল কমিটি কর্তৃক Monitor করা হবে। প্রকল্প গ্রহণকারী শিক্ষকবৃন্দকে আইআরটি কর্তৃক আয়োজিত বার্ষিক কর্মশালায় তাঁদের প্রকল্পের চূড়ান্ত গবেষণার ফলাফল উপস্থাপন করতে হবে।

৬. প্রকল্পের গবেষণা কাজে এমএস/এমবিএ/এমএ/পিএইচডি স্টুডেন্ট সংযুক্ত থাকতে পারবেন সেক্ষেত্রে তারা কোন আর্থিক সুবিধা পাবে না। তবে গবেষণা সংশ্লিষ্ট কাজে সর্বোচ্চ ০৬ মাস শ্রমিক নিয়োজিত করা যাবে ।

৭. গবেষণা প্রকল্পের বিল-ভাউচার সমন্বয় সংক্রান্ত কিছু ফরম আইআরটির ওয়েবসাইটে দেয়া আছে। প্রকল্প সমূহের সমন্বয়ের জন্য নির্ধারিত ফরমের কোন রকম পরিবর্তন গ্রহনযোগ্য হবে না। প্রকল্পের অর্থ ব্যয়ের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রদত্ত ভ্যাট ও আইটি সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক প্রকল্পের সমন্বয় প্রদান করতে হবে এবং স্টক বহি ও ক্যাশ রেজিস্টার অনুসরণ করতে হবে। অনুমোদিত প্রকল্পের খাতওয়ারী ব্যয় সরকারী বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে। কোন ভাবেই তার ব্যত্যয় ঘটানো যাবে না।

৮. অনুমোদিত প্রকল্পের অর্থ হতে কম্পিউটার ক্রয় করা যাবে না।

৯. অনুমোদিত প্রকল্প হতে প্রকল্পের T.A/D.A বাবদ প্রকল্পের অর্থ হতে সর্বোচ্চ ২০% অর্থ ব্যয় করা যেতে পারে।

১০. বার্ষিক গবেষণা প্রতিবেদন প্রকাশনার জন্য প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদনের সফটকপি আইআরটির ইমেইলের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায়, সম্পাদিত প্রকল্প পরিচালকের সম্মানির অর্থ ছাড় করা সম্ভব হবে না।

১১. প্রতিটি প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ হতে ২% Overhead Cost হিসেবে আইআরটির সংশ্লিষ্ট একাউন্টে জমা দিতে হবে।

১২. আইআরটির অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্পের ফলাফলসমূহ কোন জার্নালে প্রকাশ করার ক্ষেত্রে অবশ্যই আইআরটিকে Acknowledge করতে হবে।

১৩. আইআরটির অর্থায়নে পরিচালিত পূর্বের গবেষণা প্রকল্পসমূহের সমন্বয় এবং চূড়ান্ত প্রতিবেদন জমা প্রদান সাপেক্ষে চলমান অর্থ বছরের অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

১৪. নির্ধারিত ফরমেট এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত গবেষণা প্রস্তাব বা অসম্পূর্ন গবেষণা প্রকল্প বিবেচনার জন্য গণ্য হবে না।

ধন্যবাদান্তে

25.06.2025

প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন
পরিচালক (আইআরটি)

অনুলিপিঃ

১। ডিন মহোদয়, ........................................................................................ (সকল বিভাগে প্রচারের অনুরোধসহ)।
২। রেজিস্ট্রার, হাবিপ্রবি, দিনাজপুর।
৩। পি এস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর ।
৪। পি এ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর ।
৫। পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর ।
৬। অফিস কপি।